72

দৈনিক ইনকিলাব

তারিখ ... JUL 18 1999 ...

পৃঃ ৭৬ কলাম ৫

# মিথ্যা মামলা প্রত্যাহারের দাবীতে রাজধানীতে ছাত্র দলের বিক্ষোভ

**স্টাফ রিপোর্টার ঃ** ঢাকা মহানগরী বিএনপি'র আহবায়ক সাদেক হোসেন খোকা এমপি, নাজিমুদ্দীন আলম এমপি, ছাত্রদল সভাপতি হাবিব-উন-নবী সোহেল ও সাধারণ সম্পাদক নাসির উদ্দিন আহমেদ পিন্টুসহ বিএনপি-ছাত্রদল নেতাদের বিরুদ্ধে দায়েরকৃত মিথ্যা মামলা প্রত্যাহারের দাবীতে জাতীয়তাবাদী ছাত্রদল গতকাল (শনিবার) রাজধানীর ওয়ার্ডে ওয়ার্ডে ও কলেজে বিক্ষোভ প্রদর্শন করে। নগরীর বিভিন্ন ওয়ার্ডে বিক্ষোভ মিছিল শেষে অনুষ্ঠিত সমাবেশে ছাত্রদল নেতৃবৃন্দ বিএনপি ও ছাত্রদল নেতাদের বিরুদ্ধে মিথ্যা মামলা দায়েরের নিন্দা জানিয়ে অবিলম্বে মামলা প্রত্যাহারের দাবী জানান। তারা গ্রেফতারকৃত ছাত্রদল নেতৃবৃন্দের মুক্তি এবং পুলিশ কনস্টেবল ফরহাদ হত্যার বিচার বিভাগীয়

১৫-এর পৃঃ ৫-এর কঃ দেখুন

## ছাত্রদলের বিক্ষোভ

প্রথম পৃষ্ঠার পর

তদন্ত দাবী করেন।

মিরপুরে বিভিন্ন ওয়ার্ডে মিছিলে নেতৃত্ব দেন মহানগর ছাত্রদল (উত্তর) সভাপতি মামুন হাসান, শামীম পারভেজ, পল্লবীতে ইয়াছিন আলী, কাফরুলে আলমগীর হোসেন, উত্তরায় আহসান হাবিব, তেজগাঁওয়ে মোহাম্মদ আলী, মোহাম্মদপুরে সোহেল রহমান, গুলশানে সৈয়দ মঞ্জুর হোসেন, বাড্ডায় গোলাম মাহমুদ মিন্টু প্রমুখ নেতৃত্ব দেন। তিতুমীর কলেজে মিজানুর রহমান বাচ্চুর সভাপতিত্বে সমাবেশ অনুষ্ঠিত হয়।